

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা পরিসংখ্যান কার্যালয়  
মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।  
<http://bbs.matiranga.khagrachhari.gov.bd>

## সেবার তালিকা

### সেবা সমূহ

- ১। দেশের বিভিন্ন প্রয়োজনীয় তথ্য সম্বলিত মাসিক পরিসংখ্যান বুলেটিন, বার্ষিক পরিসংখ্যান পকেটবুক ও বর্ষ গ্রন্থ প্রকাশ।
- ২। প্রতি দশ বৎসর অন্তর আদম শুমারী/জনশুমারি ও গৃহগণনা, কৃষি শুমারী, এবং অর্থনৈতিক শুমারী পরিচালনা ও প্রতিবেদন প্রকাশ।
- ৩। মোট দেশজ উৎপাদন (GDP) এবং প্রবৃদ্ধির হারসহ অন্যান্য সামষ্টিক অর্থনৈতিক নির্দেশক (Indicators) যথা- সঞ্চয়, বিনিয়োগ, ভোগ, মাথাপিছু আয়, ইত্যাদি নিরূপন ও প্রকাশ।
- ৪। ভোক্তার দৈনন্দিন জীবনযাত্রায় ব্যবহৃত খাদ্য ও খাদ্য বহির্ভূত পণ্য অন্তর্ভুক্ত করে মাস ভিত্তিক ভোক্তা মূল্যসূচক (CPI) নিরূপন ও প্রকাশ।
- ৫। বৈদেশিক বানিজ্য পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ।
- ৬। বিভিন্ন পেশায় নিয়োজিত শ্রমিকদের মজুরী সূচক প্রস্তুত ও প্রকাশ।
- ৭। বিভিন্ন ফসলের উৎপাদন ও ফসলাধীন জমির পরিমাণ এবং ভূমি ব্যবহার সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ।
- ৮। শিশুপুষ্টি এবং শিশুদের অবস্থা সম্পর্কিত তথ্য সংগ্রহ, সংকলন ও প্রকাশ।
- ৯। মহিলাদের উন্নয়ন ও ক্ষমতায়নের লক্ষ্যে তাদের আর্থ-সামাজিক অবস্থা নিরূপনের জন্য Gender Statistics প্রস্তুত ও প্রকাশ।
- ১০। খানায় আয় ও ব্যয় নির্ধারণ জরিপ পরিচালনার মাধ্যমে দেশের দারিদ্র পরিস্থিতি সম্পর্কিত তথ্য প্রস্তুত ও প্রকাশ।